গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন)
www.ird.gov.bd

**বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে আয়োজিত মতবিনিময় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড
স্থান : জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষ;
তারিখ : ১৯-১২-২০১৯ খ্রিস্টাব্দ;
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে মন্ত্রিপরিষদ বিভাগে ১২-০৫-২০১৯ তারিখে আয়োজিত মতবিনিময় সভায় বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়েছে। সে নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত অদ্যকার সভার আয়োজন করা হয়েছে। সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, বঙ্গবন্ধু জাতীয় রাজস্ব বোর্ড ১৯৭২ সালে প্রতিষ্ঠা করেন। মাননীয় প্রধানমন্ত্রী ২০২০ সালকে মুজিব বর্ষ ঘোষণা করেছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে এটি ১ম সভা। এ ধরণের সভা পর্যায়ক্রমে আরও আহ্বান করা হবে। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের বিষয়ে সকলের সুচিন্তিত মতামত কামনা করেন। অত:পর তিনি সভায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন)-কে জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার অনুরোধ জানান।

০২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে গত ১২-০৫-২০১৯ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে (ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে গৃহীত কর্মসূচি আগামী ১ বছরের মধ্যে বাস্তবায়ন করা। ক্ষেত্র বিশেষে সুদূরপ্রসারী তাৎপর্য আছে এরকম দীর্ঘমেয়াদী প্রকল্প গ্রহণ (খ) মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিশেষ দিবসগুলোতে কেন্দ্রীয়ভাবে কর্মসূচী বাস্তবায়নের সম্ভাব্য তারিখ/সময় কর্মপরিকল্পনা প্রণয়ন (গ) মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব বাজেট হতে গৃহীত কর্মসূচির ব্যয় নির্বাহ করা এবং (ঘ) গৃহীত নানা কর্মসূচীর প্রস্তুতি এখন থেকেই শুরু করতে হবে।

০৩। এ পর্যায়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও এর আওতাধীন অফিসমূহ কর্তৃক বাস্তবায়নযোগ্য সিদ্ধান্তসমূহের মধ্যে উপস্থিত কর্মকর্তাদের সুচিন্তিত মতামত কামনা করা হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণ পর্যায়ক্রমে আলোচনায় অংশগ্রহণ করে তাদের সুচিন্তিত মতামত প্রদান করেন।

০৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. | সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগকে সভাপতি করে অতিরিক্ত সচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, যুগ্মসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমী, প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল-কে সদস্য করে গঠন কেন্দ্রীয় বাস্তবায়ন কমিটির প্রতি ০৩ মাসে ফলোআপসহ কেন্দ্রীয় ও অন্যান্য কমিটির মিটিং করতে হবে এবং ফেব্রুয়ারী মাসে ০১ টি সভা আহ্বান করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ |
| ০২. | (ক) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল এবং প্রতিটি কমিশনারেট অফিস এর লাইব্রেরীতে স্থান সংকুলান না হলে সম্মেলন কক্ষে বুক শেলফ সোকেসসহ বঙ্গবন্ধু কর্ণার করা যেতে পারে । কর্ণার এ বঙ্গবন্ধুর লেখা প্রতিটি বই এবং মুক্তিযুদ্ধের উপর প্রকাশিত বইসমূহ সংরক্ষণ করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল। |
| | (খ) জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন ০২ টি একাডেমী (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমীর লাইব্রেরীতে আলাদা ভাবে বঙ্গবন্ধু কর্ণার প্রস্তুত করতে হবে। বিসিএস (কর) একাডেমীতে বঙ্গবন্ধু কর্ণার করা হচ্ছে। | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী এবং বিসিএস (কর) একাডেমী। |

| | | |
|---|---|---|
| ০৩. | (ক) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন বিসিএস কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমীর এবং বিসিএস (কর) একাডেমীতে ইতোমধ্যে ২ টি সেশন করা হয়েছে এবং কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্সে (০৬ মাস, ০৩ মাস ও ০২ মাস মেয়াদী) জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের উপর কমপক্ষে ০৩ টি প্রশিক্ষণ সেশন অন্তর্ভূক্ত করতে হবে। এ বিষয়ে দ্রুত কার্যক্রম সম্পন্ন করতে হবে। প্রশিক্ষণ প্রদানের জন্য রির্সোস পার্সন হিসেবে বঙ্গাবন্ধুর জীবন ও কর্মের উপর বিভিন্ন গবেষনা করেছেন তাঁদেরকে আমন্ত্রণ জানাতে হবে। | বিসিএস কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী এবং বিসিএস (কর) একাডেমী |
| | (খ) প্রশিক্ষণ একাডেমীতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে তাঁর জীবন কর্মের উপর প্রতিটি বিভাগীয় হেডকোয়ার্টারে ০১টি, কাস্টমস এক্সাইজ ভ্যাট, কর আপীলাত টাইব্যুনাল ও জাতীয় সঞ্চয় অধিদপ্তর সম্মিলিতভাবে মার্চ, ২০২০ হতে এপ্রিল, ২০২০ এর মধ্যে কেন্দ্রীয়ভাবে ০১ টি সেমিনার করতে হবে । সেমিনারটি বাইরের পরিচিত ভেন্যু IDB ভবন অডিটোরিয়ামে হতে পারে। | কেন্দ্রীয় কমিটি এবং<br>সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড<br>যুগ্মসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ<br>কর কমিশনার (কর অঞ্চল ১/২, ঢাকা)<br>কমিশনার (কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ), ঢাকা<br>পরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা<br>১ম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড-সদস্য সচিব<br>(প্রয়োজনে সচিব কমিটি সদস্য কো-অপ্ট করতে পারবে)। |
| ০৪. | ক) জন্মশতবার্ষিকী বছরের (২০১৯-২০২০) কর মেলায় বঙ্গবন্ধু কর্ণার নামে একটি কর্ণার স্থাপন করতে হবে।<br>খ) মার্চ, ২০২০ এর প্রথম সপ্তাহে একটি সাংবাদিক সম্মেলন করে বর্ষব্যাপী কর্মসূচীর ঘোষণা দিতে হবে। | জাতীয় রাজস্ব বোর্ড। |
| ০৫. | ক) আগামী ২০২০ সালের ১৭ মার্চ তারিখে বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে জাতীয়ভাবে ঘোষিত কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে নানা কর্মসূচী গ্রহণ করতে হবে। কর্মসূচী পালন করার সময় প্রতিমাসে ০১ টি করে সমন্বিত প্রোগ্রাম করতে হবে।<br>খ) আগষ্ট, ২০২০ এ সুবিধামত সময়ে কর্মকর্তা/কর্মচারী সমন্বয়ে টুঙ্গীপাড়ায় ০১ টি প্রোগ্রাম করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল। |
| ০৬. | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ প্রতিটি দপ্তর সংস্থা মুজিব বর্ষ উপলক্ষে বিস্তারিত কর্মপরিকল্পনা প্রস্তুত করে এবং প্রয়োজনীয় অতিরিক্ত অর্থ ব্যয়ের বাজেট প্রস্তুত করে মন্ত্রণালয়ে বাস্তবায়নের জন্য জরুরী ভিত্তিতে প্রেরণ করবে। অভ্যন্তরীণ সম্পদ বিভাগসহ দপ্তর সংস্থার প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য অর্থ বিভাগে চাহিদা প্রেরণ করবে। | জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল। |
| ০৭. | ক) জাতীয় শিশু দিবস ১৭ মার্চ, ২০২০ উপলক্ষে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন অন্যান্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের মধ্যে বঙ্গাবন্ধুর জীবন ও কর্মের উপর রচনা প্রতিযোগিতার জন্য প্রাইমারী (রচনা: বঙ্গাবন্ধুর ছেলে বেলা)/সেকেন্ডারী(রচনা: বঙ্গাবন্ধুর জীবন ও কর্ম)/ কলেজ/বিশ্ববিদ্যালয়ের (রচনা: বঙ্গাবন্ধুর দর্শণ ও উন্নয়ন ভাবনা) ছাত্র/ছাত্রীদের স্বহস্তে লিখিত রচনা প্রস্তুতপূর্বক ১ মাস সময় দেওয়া যেতে পারে এবং আয়োজক কমিটি ও বিচারক কমিটি গঠন করতে হবে।<br><br>খ) অষ্টম শ্রেণি পর্যন্ত শিশুদের জন্য চিত্রাঙ্কন প্রতিযোগিতার ব্যবস্থা গ্রহণ করতে হবে। শিশু একাডেমী/ শিল্পকলা একাডেমীতে হতে পারে (অর্ধবেলা)। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল। |
| ০৮. | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও এর অধীনস্থ কমিশনারেট কর্মকর্তাদের মধ্য হতে ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণপূর্বক আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল। |
| ০৯. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কার্যক্রম যখন শুরু হবে তখন হতে মিডিয়াকে সম্পৃক্ত করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও জাতীয় সঞ্চয় অধিদপ্তর। |
| ১০. | জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কমিশনারেট কার্যালয়ে দপ্তর প্রধানকে সভাপতি করে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠনপূর্বক অভ্যন্তরীণ সম্পদ বিভাগকে অবহিত করতে হবে। গঠিত কমিটি কেন্দ্রীয় কমিটির অনুমোদন সাপেক্ষে তা বাস্তবায়ন করবেন। | জাতীয় রাজস্ব বোর্ড। |

চলমান পাতা-০৩

| | | |
|---|---|---|
| ১১. | জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়কে সভাপতি করে ১০ (দশ) সদস্য বিশিষ্ট কমিটি গঠনপূর্বক অভ্যন্তরীণ সম্পদ বিভাগকে অবহিত করতে হবে। | জাতীয় রাজস্ব বোর্ড। |
| ১২. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে জাতীয় রাজস্ব বোর্ড এর নবনির্মিত ভবন সুবিধা জনক সময়ে উদ্বোধন করতে হবে। | জাতীয় রাজস্ব বোর্ড। |
| ১৩. | জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (বোর্ড প্রশাসন) ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সদস্য (কর তথ্য ব্যবস্থাপনা ও সেবা) বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জাতীয় রাজস্ব বোর্ড। |
| ১৪. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে শুধু কেন্দ্রীয়ভাবে বিজয় দিবসের পূর্বে ডিসেম্বর,২০২০ সালের মধ্যে সমন্বিতভাবে কমিটি করতে হবে এবং স্মরনিকা/সুভেন্যুর প্রকাশ করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল। |
| ১৫. | জাতীয় পর্যায়ে ০৩ জন শ্রেষ্ঠ করদাতাকে বঙ্গবন্ধু পুরস্কার প্রদান করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড। |
| ১৬. | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন ও জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রনাধীন সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইটে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন কর্ণার স্থাপন করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল। |
| ১৭. | ক) মুজিব বর্ষে কর জিডিপি বাড়ানোসহ উভয় ক্যাডারের প্রশাসনিক সংস্কারের (Office Expansion) বিষয়ে মাননীয় মন্ত্রীর নীতিগত অনুমোদন গ্রহণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পরবর্তী কার্যক্রম দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে কর/শুল্ক/মূসক এর প্রত্যেক দপ্তর-কে Cation Plan প্রস্তুত করতে হবে।<br>খ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে বর্ষব্যাপী Action Plan করতে হবে। | জাতীয় রাজস্ব বোর্ড। |
| ১৮. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল আইন ও বিচার বিভাগের সাথে সমন্বয় করে প্রোগ্রাম প্রণয়ন করতে হবে। | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল। |
| ১৯ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের জন্য সচিবালয়ে নব নির্মিত নতুন ভবনের (যে Floor এ কাজ চলছে) Floor বরাদ্দ দেয়ার জন্য গণপূর্ত সচিব-কে আধা সরকারি পত্র প্রেরণ করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ |

০৫। এছাড়াও সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহীত হয়েছে:

ক) ৪ নং অনুচ্ছেদের ক্রমিক নং ৭ (ক) এ বর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কমিটি গঠন করা যেতে পারে।

খ) ৪ নং অনুচ্ছেদের ক্রমিক নং ১৪ এ বর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কমিটি গঠন করা যেতে পারে।

০৬. সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/১২/২০২০

( মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি )
সিনিয়র সচিব